12591 - রোযার ফিদিয়া পরিশোধ করার পদ্ধতি

প্রশ্ন

যে ব্যক্তি রমযানের রোযা রাখতে না তিনি কি প্রতিদিনের ফিদিয়া প্রতিদিন দিবেন; নাকি রমযানের শেষে একবারে দিবেন?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যে ব্যক্তি এমন কোন ওজরের কারণে রমযানের রোযা রাখতে না; যে ওজরটি দূরীভূত হওয়ার আশা নাই যেমন বার্ধক্যজনিত ওজর— সে ব্যক্তি প্রতিদিনের বদলে একজন মিসকীনকে খাদ্য খাওয়াবেন। এ খাদ্য খাওয়ানোর ক্ষেত্রে তার জন্য এই এখতিয়ার থাকবে যে, তিনি চাইলে প্রতিদিনের বদলে প্রতিদিন খাদ্য খাওয়াতে পারেন। কিংবা মাস শেষে মাসের দিন সংখ্যা অনুপাতে মিসকীনদেরকে খাদ্য খাওয়াতে পারেন।

শাইখ উছাইমীন (রহঃ) আশ্শারহুল মুমতি' গ্রন্থে (৬/৩৩৫) বলেন:

এর সময় (অর্থাৎ খাদ্য খাওয়ানোর সময়) –এর ক্ষেত্রে এখতিয়ার রয়েছে। তিনি চাইলে প্রতিদিনের খাদ্য প্রতিদিন খাওয়াতে পারেন এবং চাইলে মাসের শেষদিন পর্যন্ত বিলম্ব করতে পারেন; যেহেতু এভাবে আনাস (রাঃ) এর আমল রয়েছে।[সমাপ্ত]